।। অথাচ্সন্ধিঃ।।

১৫। ইকো যণচি—৬।১।৭৭

ইকঃ—৬।১, যণ্ - ১।১, অচি - ৭।১;

অনুবৃত্তিঃ—সংহিতায়াম্।

[ইকঃ (স্থানে) যণ্ (ভবতি) অচি সংহিতায়াম্ (বিষয়ে)]।

বরদরাজঃ—ইকঃ স্থানে যণ্ স্যাদচি সংহিতায়াং বিষয়ে। সুধী উপাস্য ইতি স্থিতে।

অনুবাদ—ইক্ (ই উ ঋ ঌ) এর স্থানে যণ্ (য্ ব্ র্ ল্) হয় অচ্ (অ ই উ ঋ ঌ এ ও ঐ ঔ) [পরে] থাকিলে এবং সংহিতার বিষয় হইলে। সুধী + উপাস্যঃ—এইরূপ থাকিবার পর—

আলোচনা—সুধী + উপাস্যঃ এই উদাহরণে সংহিতার বিষয় রহিয়াছে। উদাহরণে ইক্ এবং অচ্ অনেকগুলি রহিয়াছে। এখন প্রশ্ন হইতেছে কোন্‌টি ইক্ এবং কোন্‌টি অচ্ মানা হইবে; সূত্রে তাহা নির্দিষ্ট করিয়া বলা নাই। ইক্ পূর্বে থাকিবে, না অচ্ পূর্বে থাকিবে? তাহা নির্দিষ্ট করিবার জন্য বরদরাজ পাণিনির পরবর্ত্তী সূত্রটির অবতারণা করিয়াছেন।

১৬। তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য—১।১।৬৬

তস্মিন্—৭।১, ইতি—অ, নির্দিষ্টে—৭।১, পূর্বস্য—৬।১

বরদরাজঃ—সপ্তমীনির্দেশেন বিধীয়মানং কার্য্যং বর্ণান্তরেণাব্যবহিতস্য পূর্বস্য বোধ্যম্।।

অনুবাদ—সপ্তম্যন্ত পদের দ্বারা কোন কার্য্যের বিধান করা হইলে উহা সপ্তম্যন্ত পদ বোধিত বর্ণের অব্যবহিত পূর্ববর্ত্তী বর্ণেরই হইয়া থাকে।

আলোচনা—'ইকো যণচি' সূত্রে 'অচি' পদে ঔপশ্লেষিক - অধিকরণে সপ্তমী হইয়াছে। উপশ্লেষের অর্থ সামীপ্য সম্বন্ধ। উপ = সমীপ, শ্লেষঃ = সম্বন্ধ। পূর্ববর্ত্তী বর্ণ পরবর্ত্তী বর্ণের সমীপ। তাহা হইলে অর্থ হইবে—অচ্ এর অব্যবহিত (১) পূর্বে

Scanned with CamScanner

ইকের যণ্ হয় সংহিতার বিষয় হইলে। এইরূপ অন্যান্য সূত্রেও 'তস্মিন্নিতি' এই পরিভাষা সূত্রটি প্রবৃত্ত হইয়া সূত্রের অর্থ নির্দিষ্ট করিবে। এইখানে আবার প্রশ্ন হইতেছে—সুধী + উপাস্যঃ—এই স্থলে 'সুধী' তে তো ইক্ নাই। কারণ 'ঈ' তো ইক্ নহে। তখন 'অণুদিৎ সবর্ণস্য চাপ্রত্যয়ঃ' সূত্র প্রবৃত্ত হইয়া 'ইক্' অবিধীয়মান থাকায় এবং সবর্ণের গ্রাহক হওয়ায় 'ঈ'কারের স্থানে যণ্ আদেশ হইতে কোন বাধা থাকে না।

১৭। স্থানেঽন্তরতমঃ—১।১।৫০,

স্থানে—৭।১, অন্তরতমঃ—১।১;

বরদরাজঃ—প্রসঙ্গে সতি সদৃশতম আদেশঃ স্যাৎ। সু ধ্ য্ উপাস্য ইতি জাতে।।

অনুবাদ—(কোন কার্য্যের) প্রসঙ্গ উপস্থিত হইলে সর্বাপেক্ষা সদৃশ বা সমান বর্ণের আদেশ হয় (বুঝিতে হইবে)। সু ধ্ য্ + উপাস্যঃ এইরূপ হওয়াতে।।

আলোচনা—অনেক আদেশের প্রাপ্তি থাকিলে যেইটি অত্যন্ত সদৃশ সেইটিরই আদেশ হয়। স্থান শব্দের অর্থ প্রসঙ্গ অর্থাৎ প্রাপ্তি। অবকাশ, অবধি, পরিধান, অন্তর্ধান, ভেদ, সদৃশ—ইত্যাদি অনেক অর্থে অন্তর শব্দের প্রয়োগ হইয়া থাকে। এই স্থলে অন্তর শব্দের অর্থ সদৃশ বুঝিতে হইবে। অতিশয়িতঃ অন্তরঃ = অন্তরতমঃ। অর্থাৎ অত্যন্ত সদৃশ। 'অন্তরতম' শব্দের দ্বারা প্রাপ্ত অনেকগুলি আদেশের মধ্যে যেইটি অতিশয়িত সদৃশ আদেশ তাহাই হইবে। ঈষৎ সদৃশ আদেশ হইবে না। যেমন সুধী + উপাস্যঃ এই স্থলে ঈকারের স্থানে যণ্ অর্থাৎ য্ ব্ র্ ল্ আদেশের প্রাপ্তিতে স্থানী ঈ কারের তালুস্থান হওয়ায় এবং যকারের ও তালু স্থান হওয়ায় এবং তার ফলে ঈ কারের অন্তরতম হওয়ায় যকারই আদেশ হইল। ফলে 'সু ধ্ য্ + উপাস্যঃ'—এইরূপ অবস্থা প্রাপ্ত হইল।

১৮। অনচি চ —৮।৪। ৪৮

অনচি—৭।১, চ-অ

অনুবৃত্তিঃ—অচো দ্বে, যরো বা, সংহিতায়াম্।

[অচঃ (পরস্য) যরো দ্বে বা (ভবতঃ) অনচি (পরতঃ)]।

Scanned with CamScanner

বরদরাজঃ—অচঃ পরস্য যরো দ্বে বা স্তো ন ত্বচি। ইতি ধকারস্য দ্বিত্বেন সু ধ্ ধ্ য্ উপাস্য ইতি. জাতে।।

অনুবাদ—অচ্ এর পরে যর্ এর বিকল্পে দ্বিত্ব হয় পরে অচ্ না থাকিলে। এইখানে (এইভাবে) ধকারের দ্বিত্বের দ্বারা 'সু ধ্ ধ্ য্ উপাস্যঃ' এই অবস্থা জাত হওয়ায়।

আলোচনা—সূত্রে 'অনচি' পদ, ন অচ্=অনচ্, তস্মিন্— এই নঞ্তৎপুরুষ সমাস করিয়া নিষ্পন্ন হয়। এইখানে নঞ্ কে প্রসজ্য(১) প্রতিষেধ মানিতে হইবে। ফলে অর্থ হইবে অচ্ পরে না থাকিলে অচ্ এর পরস্থিত যর্ এর বিকল্পে দ্বিত্ব হয়। সু ধ্ য্ + উপাস্যঃ'—এই স্থলে 'সু' তে স্থিত উ কার হইল অচ্ এবং তাহার পর যর্ হইল 'ধ্' এবং তাহার পর যকার থাকায় অর্থাৎ অচ্ পরে না থাকায় ঐ ধকারের বিকল্পে দ্বিত্ব হয়। ফলে সু ধ্ ধ্ য্ + উপাস্যঃ এই অবস্থা প্রাপ্ত হইল।

১৯। ঝলাং জশ্ ঝশি-৮।৪।৫৩

ঝলাম্-৬।৩, জশ্ - ১।১, ঝশি - ৭।১;

অনুবৃত্তিঃ—সংহিতায়াম্।

[ঝলাং (স্থানে) জশ্ (আদেশঃ ভবতি) ঝশি (পরতঃ)]।

বরদরাজঃ—স্পষ্টম্। ইতি পূর্বধকারস্য দকারঃ।।

অনুবাদ—(অর্থ) স্পষ্ট। (ঝশ্ এর অব্যবহিত পূর্বে ঝল্ এর স্থানে জশ্ আদেশ হয়)। এইভাবে পূর্ব-ধকারের দকার হইল।

আলোচনা—ঝল্ = ঝ, ভ, ঘ, ঢ, ধ, জ, ব, গ, ড, দ, খ, ফ, ছ, ঠ, থ, চ, ট, ত, ক , প, শ, ষ, স, হ। জশ্ = জ্, ব, গ, ড, দ। ঝশ্ = ঝ, ভ, ঘ, ঢ, ধ, জ, ব, গ, ড, দ। 'সুধ্ ধ্য্ + উপাস্যঃ'—এই অবস্থায় প্রথম ধকারের জশ্ প্রাপ্ত হওয়ায় 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের সহায়তায় ধকারের দন্ত স্থান এবং দকারের ও দন্তস্থান হওয়ায় অন্তরতম দকারই হইল। ফলে সু দ্ ধ্ য্ + উপাস্যঃ'—এই অবস্থা প্রাপ্ত হইল।

---

(১) 'দ্বৌ নঞৌ তু সমাখ্যাতৌ পর্য্যুদাসপ্রসজ্যকৌ।
পর্য্যুদাসঃ সদৃগ্গ্রাহী প্রসজ্যস্তু নিষেধকৃৎ।।'

Scanned with CamScanner

২২। এচোঽয়বায়াবঃ—৬।১।৭৮

এচঃ—৬।১; অয়বায়াবঃ—১।৩;

অনুবৃত্তিঃ—অচি, সংহিতায়াম্।

[এচঃ (স্থানে) অয়বায়াবঃ (আদেশাঃ ভবন্তি) অচি (পরতঃ) সংহিতায়াম্ (বিষয়ে)]।

বরদরাজঃ—এচঃ ক্রমাদয় অব্ আয় আব্ এতে স্যুরচি।।

অনুবাদ—এচ্ এর (স্থানে) যথাক্রমে অয় অব্, আয় ও আব্—এইগুলি (আদেশ) হয় অচ্ পরে থাকিলে।

আলোচনা—এচ্ = এ, ও, ঐ, ঔ। অচ্ = স্বরবর্ণ। এইখানে 'ইকো যণচি' সূত্র হইতে 'অচি পদটির অনুবৃত্তি হইতেছে। 'তস্মিন্নিতি নিদিষ্টে পূর্বস্য' সূত্রটি প্রবৃত্ত হইয়া 'এচোঽয়বায়াবঃ' সূত্রের অর্থ হইল—অচ্ এর এবং অচ্ এর সবর্ণের অব্যবহিত পূর্বে এচ্ থাকিলে এবং এচ্ এর সবর্ণ থাকিলে তাহাদের স্থানে

Scanned with CamScanner

DATE 3/2/16

যথাক্রমে অয্, অব্, আয্ এবং আব্ আদেশ হইবে। বৃত্তিতে যে 'ক্রমাৎ' পদটি রহিয়াছে তাহা কিন্তু পরবর্ত্তী সূত্র 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের দ্বারা লব্ধ। 'এচোঽয়বায়াবঃ' সূত্রটি একটি বিধিসূত্র।

২৩। যথাসংখ্যমনুদেশঃ সমানাম্—১।৩।১০

যথাসংখ্যম্—অ০, অনুদেশঃ—১।১, সমানাম্—৬।৩।

বরদরাজঃ—সমসম্বন্ধী বিধির্যথাসংখ্যং স্যাৎ। হরয়ে। বিষ্ণবে। নায়কঃ। পাবকঃ।

অনুবাদ—সমসম্বন্ধী বিধি যথাক্রমে হয়। হরয়ে। বিষ্ণবে। নায়কঃ। পাবকঃ।

আলোচনা—সংখ্যাম্ অনতিক্রম্য = যথা-সংখ্যম্। অনুদিশ্যতে = অনুদেশঃ = পশ্চাৎউচ্চার্যতে ইত্যর্থঃ। স্থানী এবং আদেশ সমসংখ্যক হইলে ঐ আদেশ যথাক্রমে হইবে। এইটি পরিভাষা-সূত্র। ইহা 'এচোঽয়বায়াবঃ' সূত্রে প্রবৃত্ত হইয়া অর্থ হইবে অচ্ এর অব্যবহিত পূর্বে 'এচ্' (এ, ও ঐ, ঔ) এর স্থানে যথা-ক্রমে অয্, আব্, আয্ এবং আব্ আদেশ হয়। হরে + এ এই অবস্থায় রকারোত্তরবর্ত্তী 'এ'কারের অয্ আদেশ হইবে। অর্থাৎ 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'এচোঽয়বায়াবঃ' এই সূত্রের দ্বারা একারের অয্ আদেশ করিয়া 'হরয়ে' পদ সিদ্ধ হয়। 'বিষ্ণো + এ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'এচোঽয়বায়াবঃ' এই সূত্রের দ্বারা ওকারের অব্ আদেশ করিয়া বিষ্ণবে পদ সিদ্ধ হয়। নৈ + অকঃ এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'এচোঽয়বায়াবঃ'—এই সূত্রের দ্বারা ঐকারের 'আয্' আদেশ করিয়া 'নায়কঃ' পদ সিদ্ধ হয়। পৌ + অকঃ'এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্'—এই সূত্রদ্বয়ের সহায়তায় 'এচোঽয়বায়াবঃ' এই সূত্রের দ্বারা ঔকারের আব্ আদেশ করিয়া 'পাবকঃ' পদ সিদ্ধ হয়।

২৪। বান্তো যি প্রত্যয়ে—৬।১।৭৯

বান্তঃ—১।১, যি—৭।১, প্রত্যয়ে—৭।১

অনুবৃত্তিঃ—এচঃ, সংহিতায়াম্।

Scanned with CamScanner

[যি প্রত্যয়ে (পরতঃ) সংহিতায়াম্ (বিষয়ে) এচঃ (স্থানে) বান্তঃ (আদেশঃ ভবতি) ।।

বরদরাজঃ—যকারাদৌ প্রত্যয়ে পরে ওদৌতোরব্আব্ এতৌ স্তঃ। গব্যম্। নাব্যম্। (অধ্বপরিমাণে চ) গব্যূতিঃ।

অনুবাদ—যকারাদি প্রত্যয় পরে থাকিলে ওকারের অব্ এবং ঔকারের আব্ (আদেশ) হয়। গব্যম্। নাব্যম্। এবং অধ্ব (অর্থাৎ পথ) পরিমাণ বুঝাইলে গোশব্দের ওকারের অব্ আদেশ হয়। গব্যূতিঃ।

আলোচনা—'যি' হইল বিশেষণ পদ এবং 'প্রত্যয়ে'—হইল বিশেষ্য পদ। 'যেন বিধিস্তদন্তস্য'—এই পরিভাষা দ্বারা যকারান্ত প্রত্যয়—এইরূপ অর্থ হইত। কিন্তু ইহার বাধক পরিভাষা হইল 'যস্মিন্ বিধিস্তদাদাবল্গ্রহণে' অর্থাৎ অল্বিধি থাকিলে তদাদি বুঝিতে হইবে। ফলে 'যকারাদি প্রত্যয় পরে থাকিলে' এইরূপ অর্থ হইবে। 'গো + যম্' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' ও 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই দুইটি সূত্রের সহায়তায় 'বান্তো যি প্রত্যয়ে' সূত্রের দ্বারা ওকারের অব্ আদেশ করিয়া 'গব্যম্' পদ সিদ্ধ হয় ইহার অর্থ হইল গোর্বিকারঃ অর্থাৎ গোরু হইতে জাত দ্রব্য। নৌ + যম্—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' ও 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'বান্তো যি প্রত্যয়ে' এই সূত্রের দ্বারা ঔকারের আব্ আদেশ করিয়া নাব্যম্ সিদ্ধ হয়। ইহার অর্থ হইল নাবা তার্য্যম্, নৌকার দ্বারা তারণযোগ্য। 'গো + যূতিঃ' —এই অবস্থায় 'অধ্বপরিমাণে চ' এই বার্ত্তিক দ্বারা ওকারের অব্ আদেশ করিয়া 'গব্যূতিঃ পদ সিদ্ধ হয়। ইহার অর্থ হইল দুই ক্রোশ পরিমাণ পথ।

২৫। অদেঙ্ গুণঃ—১।১।২

অদেঙ্—১।১, গুণঃ—১।১;

বরদরাজঃ—অত্ এঙ্ চ গুণসংজ্ঞঃ স্যাৎ।

অনুবাদ—(হ্রস্ব) অকার ও এঙ্ (এ, ও) এর গুণসংজ্ঞা হয়।

আলোচনা—ইহা সংজ্ঞা বিধায়ক সূত্র। এইসূত্রে অত্ + এঙ্ এইরূপ পদবিভাগ রহিয়াছে। অ, এ, এবং ও—এই তিনটি বর্ণে অবিধীয়মান অণ্ থাকায় 'অণুদিৎ সবর্ণস্য চাপ্রত্যয়ঃ' সূত্র দ্বারা সবর্ণের গ্রাহক হইবে কিনা? সেই বিষয়ে বরদ-

Scanned with CamScanner

২৯। উরণ্ রপরঃ—১।১।৫১

উঃ[১]—৬।১, অণ্—১।১, রপরঃ—১।১;

অনুবৃত্তিঃ—স্থানে।

[উঃ (ঋবর্ণস্য) স্থানে (যঃ) অণ্ (সঃ) রপরঃ (ভবতি)]।

বরদরাজঃ—ঋ ইতি ত্রিংশতঃ সংজ্ঞেত্যুক্তম্। তৎস্থানে যোঽণ্ স রপরঃ সন্নেব প্রবর্ততে। কৃষ্ণর্দ্ধিঃ। তবল্কারঃ।।

অনুবাদ—'ঋ'—ইহা ত্রিশটির সংজ্ঞা (হয়) ইহা বলা হইয়াছে। তাহার (ঋ এর) স্থানে (আদিষ্ট) যে অণ্ তাহা 'র' প্রত্যাহারকে পরে লইয়াই প্রবর্ত্তিত হয়। কৃষ্ণর্দ্ধিঃ। তবল্কারঃ।।

আলোচনা—ঋকার ১৮ প্রকার এবং ঌকার ১২ প্রকার বলিয়া এবং ঋকার ও ঌ-কার পরস্পর সবর্ণ হয় বলিয়া ঋকার ঐ ত্রিশটির সংজ্ঞা হয়। 'কৃষ্ণ + ঋদ্ধিঃ' -এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'অদেঙ্‌গুণঃ' ও 'স্থানেঽন্তরতমঃ'-এই তিনটি সূত্রের সহায়তায় 'আদ্‌গুণঃ' সূত্রের দ্বারা অকার ও ঋকার এই উভয়ের স্থানে গুণ অকার করিয়া এবং 'উরণ্ রপরঃ' সূত্রের দ্বারা রপর করিয়া 'র' প্রত্যাহারের দ্বারা 'র্' এবং 'ল্' এই উভয়ের প্রাপ্তিতে 'স্থানেঽন্তরতমঃ' সূত্রের দ্বারা রপর করিয়া 'কৃষ্ণর্দ্ধিঃ পদ সিদ্ধ হয়। 'তব + ঌকারঃ' এই অবস্থাতে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'অদেঙ্ গুণঃ' এবং 'স্থানেঽন্তরতমঃ'—এই তিনটি সূত্রের সহায়তায় 'আদ্‌গুণঃ' এই সূত্রের দ্বারা অকার ও ঌ-কার এর স্থানে গুণ 'অ' একাদেশ করিয়া এবং 'স্থানেঽন্তরতমঃ' সূত্রের সহায়তায় 'উরণ্ রপরঃ' সূত্রের দ্বারা লপর করিয়া 'তবল্কারঃ' পদ সিদ্ধ হয়।

Scanned with CamScanner

৩২। **বৃদ্ধিরাদৈচ্**—১।১।১

বৃদ্ধিঃ—১।১, আত্—১।১, ঐচ্—১।১;

বরদরাজঃ—আদৈচ্চ বৃদ্ধিসংজ্ঞঃ স্যাৎ।।

অনুবাদ—আ, এবং ঐচ্ (ঐ, ঔ) এর বৃদ্ধি সংজ্ঞা হয়।

আলোচনা—এইখানে ও 'তপরস্তৎকালস্য' সূত্র প্রবৃত্ত হইয়া 'ত' এর পূর্বেরটির এবং পরেরটির সমকালের বোধ হয়। অর্থাৎ 'আ' (ছয় প্রকারের), ঐ (ছয় প্রকারের) এবং ঔ (ছয় প্রকারের) এর বৃদ্ধি সংজ্ঞা হয়।

৩৩। **বৃদ্ধিরেচি**—৬।১।৮৮

বৃদ্ধিঃ—১।১ এচি—৭।১;

অনুবৃত্তিঃ—আদ্, একঃ পর্বপরয়োঃ, সংহিতায়াম্।

Scanned with CamScanner

• [আদ্ এচি (পরতঃ) পূর্বপরয়োঃ একঃ বৃদ্ধিঃ (আদেশঃ ভবতি) সংহিতায়াম্ বিষয়ে)]।

বরদরাজঃ—আদেচি পরে বৃদ্ধিরেকাদেশঃ স্যাৎ। গুণাপবাদঃ। কৃষ্ণৈকত্বম্। গঙ্গৌঘঃ। দেবৈশ্বর্যম্। কৃষ্ণৌৎকণ্ঠ্যম্।

অনুবাদ—অবর্ণের পর এচ্ থাকিলে পূর্ব ও পরের স্থানে বৃদ্ধি একাদেশ হয়। ইহা (প্রাপ্ত) গুণের অপবাদ (বাধক)। কৃষ্ণৈকত্বম্। গঙ্গৌঘঃ। দেবৈশ্বর্যম্। কৃষ্ণৌৎকণ্ঠ্যম্।

আলোচনা—'বৃদ্ধিরেচি' সূত্রটি 'আদ্‌গুণ' সূত্রের অপবাদ। অর্থাৎ অবর্ণের পর এচ্ থাকিলে বৃদ্ধি একাদেশ হইবে। এবং এচ্ ভিন্ন অবশিষ্ট অচ্ থাকিলে গুণ একাদেশ হইবে। কৃষ্ণস্য একত্বম্ এইরূপ ষষ্ঠী সমাস করিয়া এবং বিভক্তির লোপ করিয়া 'কৃষ্ণ + একত্বম্'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'বৃদ্ধিরাদৈচ্' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'বৃদ্ধিরেচি' সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে অর্থাৎ অকার ও একারের স্থানে বৃদ্ধি একাদেশ প্রাপ্তিতে 'স্থানেঽন্তরতমঃ' সূত্রের দ্বারা কণ্ঠ ও 'কণ্ঠ-তালু' বিশিষ্ট বর্ণের স্থানে কণ্ঠতালুবিশিষ্ট বৃদ্ধি 'ঐ'কার আদেশ হওয়ায় 'কৃষ্ণৈকত্বম্' পদ সিদ্ধ হয়—কৃষ্ণের একরূপতা ইহার অর্থ। গঙ্গা + ওঘঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি—' ইত্যাদি সূত্র 'বৃদ্ধিরাদৈচ্' এবং 'স্থানেঽন্তরতমঃ এই তিনটি সূত্রের সহায়তায় 'বৃদ্ধিরেচি' সূত্রের দ্বারা বৃদ্ধি একাদেশ করিয়া 'গঙ্গৌঘঃ'—এই পদ সিদ্ধ হয়। ইহার অর্থ গঙ্গার ঢেউ। 'দেব + ঐশ্বর্যম্'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'বৃদ্ধিরাদৈচ্' এবং 'স্থানেঽন্তরতমঃ'—এই তিনটি সূত্রের সহায়তায় 'বৃদ্ধিরেচি' সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে বৃদ্ধি একাদেশ ঐকার হওয়ায় 'দেবৈশ্বর্যম্' পদ সিদ্ধ হয়। দেবগণের ঐশ্বর্য এইরূপ অর্থ। 'কৃষ্ণ + ঔৎকণ্ঠ্যম্'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য, 'বৃদ্ধিরাদৈচ্' এবং 'স্থানেঽন্তরতমঃ' -সূত্রের সহায়তায় 'বৃদ্ধিরেচি সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে বৃদ্ধি 'ঔ' একাদেশ হওয়ায় কৃষ্ণৌৎকণ্ঠ্যম্ পদ সিদ্ধ হয়। ইহার অর্থ কৃষ্ণের উৎকণ্ঠা।

Scanned with CamScanner

৪২। অকঃ সবর্ণে দীর্ঘঃ—৬।১।১০১

অকঃ—৫।১, সবর্ণে—৭।১, দীর্ঘঃ—১।১

অনুবৃত্তিঃ—অচি,

[অকঃ সবর্ণে অচি (পরতঃ) পূর্বপরয়োঃ (স্থানে) দীর্ঘঃ একাদেশঃ (ভবতি)]।

বরদরাজঃ—অকঃ সবর্ণেঽচি পরে পূর্বপরয়োর্দীর্ঘঃ একাদেশঃ স্যাৎ। দৈত্যারিঃ। শ্রীশঃ। বিষ্ণূদয়ঃ। হোতৃকারঃ।।

অনুবাদ—অক্ এর পর সবর্ণ অচ্ থাকিলে পূর্ব ও পরের (স্থানে) দীর্ঘ একাদেশ হয়। (যথা-) দৈত্যারিঃ। শ্রীশঃ। বিষ্ণূদয়ঃ। হোতৃকারঃ।।

আলোচনা—'ইকো যণচি' সূত্র হইতে 'অচি' পদের অনুবর্তন হইতেছে, এবং একঃ পূর্বপরয়োঃ'—অধিকার আছে। দৈত্য+অরিঃ—এই উদাহরণে অকারের পর সবর্ণ অচ্ থাকায় অকঃ সবর্ণে দীর্ঘঃ সূত্রের দ্বারা পূর্ব ও পরের স্থানে সবর্ণ দীর্ঘ আকার একাদেশ করিয়া দৈত্যারিঃ পদ সিদ্ধ হয়। এইরূপে শ্রী+ঈশঃ=শ্রীশঃ। বিষ্ণু+উদয়ঃ=বিষ্ণূদয়ঃ। হোতৃ+ঋকারঃ=হোতৃকারঃ।

Scanned with CamScanner